## BENGALI FAMILY LIBRARY.

# शार्श्य योष्टला शुरुक मणुर।



# बीयूक जानमहस्य त्वमाञ्चाशीम





riated for the Vernacular Literature Committee, at the Sucharu Press, by Lallchaud Biswas

----

1858.

\*এই পুস্তক ঘাঁহার প্রয়োজন হইবে, গরাণহাঁটার চৌর্যপা-স্থিত ২৭৬:১ সংখ্যক গাহ্ছ্য বাঙ্গলা পুস্তক সন্তুহ নামক পুস্ত-কাগারে প্রাপ্ত হইবেন।

# স্থাচিপতা। ·

_			श्रृष्टा ।
डेमग्रम ब्रांकांत्र विनादश्य डेशज्यम,	**	**	>
डिकाशिनी इरें एड क्ड क्येंचन,	••	••	२
<b>४७ महोटनदेव विवेदन,</b> "	••	• •	8
চওমহানেনের অসারবর্তী লাভ ও বা	সবদক্তার ব	দন্ম বিব	র্ণ ৩
উল্যুন রাজার কারাবরোধ ও বাসব		••	4
(बीशकतागन ७ वमखरकत जेक्कपिन		••	30
কারাগারে উদয়নের নিকট বসভবে		• • •	534
লোহজজ্ঞ ও রূপিনিকার উপাধ্যান,	**	••	1
লোহজভেরে লকায় গমন,	**	41	>> -
লক্ষার উৎপত্তি নিবরণ, "	••	••	3 20
লোহজভের নারায়ণ'লেশে রূপিণিব	দার গুহে গ	गम, ''	2.9
মকরদংস্ট্রার প্রতিফল প্রাপ্তি,	••	**	2 3
বাসবদত্তা হরণের উপায় নির্মারণ,	••	++	२ ७
बामदण्डा ३व्रं	••		२ ए
ब्द्रम्बद्भ अठि ह अस्रोत्मत्न मर्	ৱাষ ও উপহ	ার থাদা	न,२ ७
গ্রহদেন ও দেবশিতার উপাধ্যান,	••	••	25
গ্রহদেনের চরিত্রদর্শকউৎপলপ্রাপ্তি	পুৰ্বাৰকটাহ	র্ভালেগন	ब, ००
সিদ্ধিকরীর চাতুর্য্য বর্ণন, "	`	,**,	કર
যোগকর ডিকার চাতুর্য বর্ণন,	••	44	00
দুক্রের প্রতিকল,	••	**	54
শক্তিমতীর বিবরণ "	** *	••	ຜລ້
স্বানিকে আন্তনার্থ দেবসিতার কট	क घीटमं गा	মন ও র	157-
সভায় বণিকপুত্রগণের দণ্ড বিধান.	••		8.
বংসেশ্বর কর্তৃক বাসবদতার পাণিগ্র	হ্ৰ.	••	8.5
বালবিন্টকের উপাখ্যান,	.4	••	88
মঞ্লিকার সহিত বৎসেখরের বিবার	ও বাসবদ	ন ব	
दुंचे मण्भ∤सनः ''		••	89 *
একের অগরাধে অপরের দত্তের উদ	াহৰুণ,	••	85
वर्रमञ्जू अभिक हरेश जाककाश	পরিত্যীগ	বরাতে	
ডাহার প্রতিবিধানের মন্ত্রণা,	••	••	Co.
মহাদেন রাজার রোগ মুক্তির উদাহ			Ġ5
কর্মদোষে বানর কর্তৃক খবির নাস।		• • •	6 3
পরস্পরের শোকে পরস্পরের মৃত্যুর	উদাহরণ,	••	63
পুণ্যদেন রাজার অষথার্থ মৃত্যু সংব	ान अधात इ	ा <u>क्र</u> ा	
কৌশলে শক্ত বিনাশপূর্বক রাজ্য		•••	90
গোপালকের মহিত মন্ত্রণা ও রাজা ও	ाजश्रहा करें।	æ	

## স্চিপত।

		7	હ્યુ
লাবাণকে লইয়া যাইবার পরামশী, "		•	. 35
বাজার নিকট নারদের আগমন, "		,	00
का वृतिवास मर्कानाटमञ्जूष्य, "		• •	20
রাজার প্রতি নারদের উপদেশ। ''	•	•	66
গোপনে বাদবদভা প্রভৃতির মগথেশ্বরের গৃ	হে প্ৰ	₹,	94
প্যাবতীর নিৰুটে বসম্ভক ওবাসবদভাকে :	রাখিয়া	**	
যৌগন্ধরাধণের লাবাণকে পুনর্গমন, "	•	•	34
প্রবাবতীর নিকট বাদবদভার স্থথে অবস্থা	ন, '	••	90
সুব্দিও ভোল রাজার কন্য', কুম্ভীকে ছলনার্থ	पूर्वा र	ার	
গনন সূতান্ত উদাহরণ, '' '		•	9>
विष्टमचटत्रत्र वामवन्छ माहिक विजाभ छ ए	ণাক নি	ৰু জি,	90
পথাবর্তার সহিত বংসরাজের বিবাহের উচ			45
বিবাহানস্তর পর্যাবতী প্রস্থৃতির সহিত বংস	রাজের	••	
পুনর্বার লাবাণকে সমম, ''	•	••	95
বৎসরাজের সহিত বাসবদভার পুনঃ সংমি	नन,	197	100
দৈৰবাণী দারা বাসবদভার চরিত্র শোধ্ন,		•	<b>E</b> 3
রাজা পুরুরবার উর্বাদী প্রান্থি, ''		••	<b>b</b> 8
' ভুসুরুর শালে রাজা পুরুরবার উর্বাণী বিয়ে		ন্ল ভি	, b &
রাজা বিহিত্দেনের রোগ মুক্তির উদাহরণ,	, ,	•	44
নানা প্রকার কথোপকথনের পর রাজা রাভ	ৱীও ম	কিগতে	ার
मद्श्वीय,		••	20 2
প্রজাবতীকে দর্শনার্থ্ন গধরাজের নিকটছইতে	ভূতের 🔻	মাগ্ৰ-	₹,৯২
त्मामध्यकांत्र क्रथ मर्नेटन खर्माट्य महानाद्व	पन्।,		20.5
সোমপ্রভার সহিত গুরুচপ্রের বিবাহ ও উর্	छरत्व वि	ৰত্যৱন্ত	
অনুষ্ঠান, '' অনির আর্ধিন মন্তবলে গুহ চলের স্থীয় ব	0		20
	114014		
চরিত্র দর্শন,'' মন্ত্রযুক্তি বলে গুহচক্রের দিব্য বণিডা সম্ভে	+er		.96
्रदार्थ वरण उर्शक्ति । १९५५ वर्ग वाग्या परिष्ठ - दिनवीषसं ७ मस्तिशृश महिल वर्गतांक उन्हार			30>
- दिनामास्त्री भारत व विषया है। अन्य व व व व व व व व व व व व व व व व व व व	<b>পর</b>		
			308
কৌশাস্বীতে গমন পুৰক গোপবালক ভারা রন্ধ সিংহাসন লাভের অনুসন্ধান, ''	বৎসর	ভেক্	J 4.
	6		308
বৈশ্বক রাদ্ধ সিংহাসন প্রাপ্ত হইয়া বৎসরা। মন্ত্রণা	र ज़र्द्रा म	<b>श्रिक</b> स	
কীর্তিকুশলের উপাধ্যান,	••		308
			222
অতি ব্যবশীল ও ছাতি ব্যয়কুঠের নিদ্দা,			>>2
কীর্ত্তিকুশলের হিডাহিত আলোচনা,	**	••	255
(भोक्षरतम कीर्जिकनालर मोजाशालाज.	**	• 1	330



১১। তখন মহারাজ উদয়ন পিতৃদন্ত বৎসরাজ্য প্রাপ্ত হইয়া কৌশাষী নগরে অবস্থিতি করতঃ স্থপসছন্দে প্রজা পালন করিতে লাগিলেন। কিছু কাল রাজ্য পালন করিয়া পরে যৌগন্ধরায়ণ প্রভৃতি মক্তিবর্গের প্রতি রাজ্য ভার অর্পণ করতঃ দৈহিক স্থাখে একা্ন্ত তৎপর হইয়া অহর্নিশি বস্থনেমিদস্ত বীণায় গান করতঃ সর্বদা মুগয়া ऋरथ वरन वरन काल इत्रव कतिएं लोशिएलन। वीनावामा প্রবণ করিয়া বনের মন্ত হস্তি সকল মন্ত্র-বশীকুতের ন্যায় সংযত হইয়া তাঁহার নিকট আগমন করিতে লাগিল। এই রূপে কিয়ৎকাল গত হইলে একদা মহারাজের অন্তঃ-করণে সাত্মিক ভাবের উদয় হওয়াতে চিন্তা করিলেন, আমি এত কাল দৈহিক স্থাপে মন্ত থাকিয়া বিবাহ সং-কার একেবারে বিশ্বত হইয়া রহিয়াছি, পিতৃলোকের সদ্গতি সংস্থানের কিছুই চেষ্টা করিলাম না, অভএব এক্ষণে কুলের অমুরূপ কন্যা কোথায় মিলে অন্থেষণ

করা আবশ্যক, উজ্জায়িনী নগরের অধিপতি ছণ্ডমহা-সেনের কন্যা বাসবদত্তাই আমার অত্তরূপ বোধ হয়, কিছ ভাহাকেই বা কি প্রকারে প্রাপ্ত হইব, এইরূপ ভাব-নায় ক্রমে রাজা শীর্ণ হইন্ডে লাগিলেন। ওদিকে উজ্জ-ক্ল্রীতে চণ্ডমহাসেন স্বীয় কন্যার বিবাহ কাল উপস্থিত 💣 থিয়া চিন্তা করিতেছেন, আমার এই কন্যার তুল্য বর জার কোথাও দেখিতেছি না, কেবল এক বৎসরাজ উদ-য়নই ইহার উপযুক্ত পাত্র হইতে পারে, কিন্তু দে আমার বিপক্ষ, অতএব সে কি প্রকারে আমার জামাতা হইবে, এবং কি প্রকারেই বা আমি ভাহাকে বশীভূত করিব। এবিষয়ে এক উপায় আছে, উদয়ন মূগয়ায় মত্ত হইসা বন্য হস্তি সকল বন্ধন করতঃ একাকী বনে বনে ভ্রমণ করিয়া বেড়ায়, এই অবসরে কোন যুক্তি দারা তাহাকে আনয়ন করিয়া কৌশলে গান্ধর্ম বিধানে কন্যার পাণি-গ্রহণ করাইব, পরে স্কুভরাং ইহার প্রতি ভাহার প্রণয় বজন ইইবে। এই রূপে সে আমার জামাতা হইতে পারিবে, নতুবা অন্য আর এমত কোন উপায় নাই নাহাতে দে আমার বশীভূত হয়।

উজ্জারিনী হইতে দুত থেরেণ।

রাজা চওমহাদেন এই রূপ চিন্তা করিয়া তাহার সি-র্ন্দির নিমিত্তে ভগবতীর মন্দিরে গমন করতঃ বিবিধোপ-চারে অর্চনা করিয়া অনেক প্রকার স্তব করিলেন। অন-স্তর দেবী তাঁহায় স্তবে তুই হইয়া এই আবাশবাণী দ্বারা তাঁহাকে বর প্রদান করিলেন, হে রাজন্ ! ভোষার এই অভিলয়িত বিষয় অচিরে সম্পন্ন হইবে। রাজা এই অ-শরীরা বাণী শ্রবণ করিয়া সম্ভুটটিতে গুহে আগমন পূর্ম্মক বুদ্ধদন্ত নামক মন্ত্রির সহিত তদ্বিষয়ের মন্ত্রণা করিতে লাগিলেন। মন্ত্রণায় স্থির হইল, যে ব্যক্তি মানী ও বীতলোভ, অথচ উদ্যত ভুত্য, মহাবল, এবং অনায়ন্ত হয়, তাহার সহিত সন্ধি করা আবশ্যক, অতএব উদ য়নের সহিত সন্ধি নিরূপণ করা কর্দ্তব্য। এই মন্ত্রণা করিয়া রাজা এক ভৃষ্ঠাকে আদেশ করিলেন, তুমি ঝিয়া বংসরাজকে ইহা বল, যে আমার কন্যা বাসবদ্ভা ছো-মার গান্ধর্ম-পত্নী হইবার যোগ্য, অতএব আমাদিগের প্রতি যদি তোমার ম্বেহ থাকে, তবে এখানে আসিয়া তাহার পাণি গ্রহণ কর। দৃত বৎসরাজ্যে গিয়া উদ-য়নের নিকটে উপস্থিত হইয়া আমুপুর্বিক সমুদায় নিবেদন করিলে, বংসরাজ প্রবণ করিয়া অনুচিত বাক্য বিবেচনায় একান্তে যৌগন্ধরায়ণ মল্লিকে ডাকিয়ী কহি-লেন, একি? চওমহাসেন ভূপতির অহস্কার দেখ, সে ছু-রালার এ প্রকার সংবাদের অভিপ্রায় কি? বিবেচনা কর। गरामञ्जी योगस्त्राम् अनिमा छेख्त कर्त्रितन, महाताक পৃথিবীতে আপনার যে ব্যসনিতা খ্যাতি রোপিত হই-য়াছে, ইহা তাহারই ক্ষায় ফল। বোধ হয় চণ্ডমহাসেন আপনাকে অন্তরাগী জানিয়া কন্যারত্বে প্রলোভন দ্বারা লইয়া গিয়া আবদ্ধ করত বশতাপন্ন করিবে। অভএব আপনি এরপ বাসনিতা পরিত্যাগ করন, নতুরা খাতে পতিত বন্য হস্তীর ন্যায় আপনাকে আক্রমণ করিবে সন্দেহ নাই। এইরপ মন্ত্রী বাক্য শ্রবণ করিয়া বৎসরাজ্ব চগুমহাসেনের নিকট দূতকে প্রতি প্রেরণ করিলেন প্রবং কহিলেন তুমি গিয়া বল, যদি তাঁহার কন্যা আমাকে বাঞ্ছা করিয়া থাকে, তবে তাহাকে এখানে প্রেরণ করক। এই রূপে দূত প্রেরণ করিয়া বৎসরাজ মন্ত্রিকে কহিলেন না হয় আমিই তথায় গমন করিয়া চগুমহাসেনকে বন্ধান করত আনমন করিব। ইহা শুনিয়া প্রধান মন্ত্রি যৌগন্ধান্যান কহিলেন, মহারাজ! আপনি তাহাতে সমর্থ হইবেন না এবং তাহা কর্ত্ব্যপ্ত নহে। চগুমহাসেন অতিশয় প্রভাবশালী, এবং আপনার অনায়ন্ত, অতএব আমি তাহার বিবরণ কহি শ্রবণ করন।

#### **४७ महारम्यान विवद्र १।**

পৃথিবীর ভূষণস্বরূপ উজ্জয়িনী নামে নগরী আছে,
স্থাধীত প্রাসাদ দারা যেন অমরাবতীকে উপহাস
করিতেছে। সেই উজ্জয়িনীতে মহাকাল মূর্ত্তি বিশ্বেশ্বর হর কৈলাসের প্রতি শিথিল স্নেহ হইয়া বাস
করেন। সকল ভূপাল শ্রেষ্ঠ মহেন্দ্রবর্মা নামে রাজা
তথায় বসতি করিতেন। জয়সেন নামে তাঁহার এক
পুশ্র ছিল। জয়সেনের, অসদৃশ বাছবল এক পুত্র জম্মে,
তাহার নাম মহাসেন, তিনি যথাকালে রাজাভিষিক্ত
হইয়া ধর্ম্মের সহিত রাজাপালন করত চিন্তা করিলেন,

আমার অন্থরূপ খড়র ও কুলোজ্বল কারিণী বণিতা নাই অতএব তাহা পাইবার উপায় কি? ইহা ভাবিয়া চণ্ডিকা গৃহে গমন করত নিরাহারে দেবীর আরাধনা করিতে লাগিলেন। পরে স্বীয় গাত্র মাংস দারা যথাবিধি আর্ছ'ত প্রদান করাতে দেবী প্রসম্ভাবে সাক্ষাৎ আবিভূত। হইয়া কহিলেন, হে পুত্র! আমি ভোমার প্রতি প্রদন্ধ হইয়াছি তুমি এই খড়ন গ্রহণ কর, ইহার প্রভাবে ভূমি শত্রুদিগের অজেয় হইবে। আর অঙ্গারাস্থরের কন্তা ত্রৈলোক্য স্থন্দরী অঙ্গারবতীকে শীঘ্র ভার্য্যারূপে লাভ করিবে। তুমি যেহেতু অত্যন্ত প্রচণ্ড কর্ম সম্পন্ন করিয়াছ, অভএব অদ্য অবধি ভোমার নাম চণ্ড-महारमन हरेरव। देश विनिग्ना सिवी खर्खाईडा हरेला \* চণ্ডমহাদেন সক্ষন্ন সিদ্ধি জন্ম জ্বৈচিত্তে গৃহে গমন করি-লেন। সেই রাজার নড়াগিরি নামে এক পৈতৃক মন্ত-হস্তী ছিল, অতএব তিনি খড়ন ও মন্তহ্নী এই উভয় রত্ন দ্বারা পরাক্রমে ইব্রুতুল্য হইলেন। পরে সেই উভয়ের প্রভাবে চশুমহাসেন মহাটবীতে মৃগয়ায় গমন করত অতিকায় এক বরাহ দেখিয়া বাবে বিদ্ধ করাভেদে গিয়া এক গর্ত্ত মধ্যে প্রবেশ করিল এবং রাজাও রথ হইতে অ-বভীর্ণ হইয়া ধন্তু গ্রহণ করত তাহার অমুগানী হইলেন। বিল মধ্যে কিয়দ্র গিয়া এক মনোহর পুরী দর্শন করুত বিশায়াপন হইয়া তন্মধান্ত এক দীর্ঘিকা তটে উপবেসন করিলেন। তথায় দেখিলেন, শত শত দাসী সমাবুত

কন্দর্প বাণের ত্যায় এক পরমাস্থন্দরী কন্তা বিচরণ করিতেছে। পরে ঐ কন্মা প্রেমরদ-বর্ষি লোচনে তাঁ-হাকে দর্শন করিতে করিতে তাঁহার নিকটে আসিয়া উপস্থিত হইল এবং জিজ্ঞাসা করিল, হে স্মৃভগ! ভূমি কে ও কি নিমিত্তেই বা ইহার মধ্যে প্রবেশ করিয়াছ। ইহা শুনিয়া রাজা সমস্ত বুক্তান্ত যথাবৎ বর্ণন করিলে क्ञा मकरून श्रुदय कुन्तन कतिए लागित्सन। श्रुद রাজা জিজ্ঞাসা করিলেন, তুনি কে কি নিমিত্তেই বা রোদন কর। কন্সা উত্তর করিল, যে এক বরাহকে এতন্মধ্যে প্রবিষ্ট হইতে দেখিয়াছ, তিনি অঙ্গারক নামে দৈতা, হে নৃপ! আমি তাঁহারই কন্তা জঞ্জারবতী। 'আমার পিত৷ এই সকল রাজকন্যাগণকে আনয়ন করিয়া আমার দাসী করিয়া দিয়াছেন। এই মহাস্তর শাপ দোষে রাক্ষম হইয়াছেন এবং অদ্য আহারায়েষণে গিয়া ভোমাকে আনরন করিয়া এক্লে বরাহ শরীর পরিত্যাগ করিয়া নিজা যাইতেছেন, উঠিয়া ভোনাকে সংহার করিবেন, এই সকল বিষয় ভাবিয়া আমি ক্রন্দন করিতেছি।

> চতমহাদেশের অক্সার্যতীলাভ ও বাসৰদভার জন্ম বিবর্ণ।

্অঙ্গারবতীর বাক্য প্রবণ করিয়া রাজা কহিলেন, যদি আমার প্রতি তোমার দ্বেহ হইয়া থাকে, তবে আমি যাহাবলি ভাহাকর। অঞ্গারক উঠিলেই তুমি

ভাহার নিকটে গিয়া ক্রন্দন করিতে অরম্ভ কর, তাহা হইলে তিনি তোমাকে ক্রন্দনের কারণ জিজ্ঞাসা করি-বেন, তথ্ন তুনি কহিবে, তাত! যদি তোনাকে কেহ-বধ করে তবে আমার গতি কি হইবে, এই ছুংখে আমি ক্রন্দন করিতেছি। ইহা করিলে তোমার ও আমার উভয়েরই মঙ্কল হইবে। অঞ্জারবতী ইহা প্রবণ করিয়া অঙ্গীকার করত পিতার নিকট গিয়া রোদন করিতে আরম্ভ করিলেন, এবং দৈতারাজও উচিয়া জিজাসা ক-রাতে কন্সা কহিলেন, হে পিতঃ! যদি তোমাকে কেহ বধ করে তবে আমার গতি কি হইবে? তখন অঙ্গারক হাস্তা করিয়া কহিলেন, হে পুত্রি! আমাকে কে নষ্ট ক-तिरव, आमात मर्समतीत विज्ञमय क्वित दाम इट्ड बक ছিদ্র আছে তাহাতে বাণ প্রবিষ্ট হইতে পারে, কিন্তু তাহা ধন্তর্ধারণ করাতে আবৃত থাকে। দৈত্যরাজ এই রূপে নিজ স্থতাকে আশ্বাস প্রদান করিতেছেন, রাজা প্র-ছন্নভাবে থাকিয়া দে সমস্ত বৃত্তান্ত প্রবণ করিলেম। পরে দৈত্যরাজ স্নানান্তে নৌনী হইয়া দেব পূজার্থ উপবেশন করিয়াছেন এমত কালে রাজা চণ্ডনহাসেন ধন্তর্বাণ হস্তে তাঁহার সম্মুখে গিয়া যুদ্ধার্থ আহ্বান কলিলেন, অঙ্গারক মৌনী ছিলেন স্থতরাং বালিসতে না বলিয়া বাসহস্ত উত্তোলন করিয়া কিঞ্ছিৎ অপেক্ষা করিতে সঙ্কেত ক্রি-বামাত্র রাজা তাঁহার বামহন্তের ছিল্রে বাণ বিদ্ধ করিলেন এবং দৈত্যরাজ ঘোর শব্দ করত ভূমিতে পতিত হইয়া

কহিলেন, আমার এই পিপাদা দময়ে যে ব্যক্তি আমা-কে হনন করিল যদি প্রতি বৎসর সে আমার তর্পণ না করে তবে তাহার মন্ত্রী বিয়োগ হইবে, ইহা বলিয়া দৈ-তারাজ পঞ্জ প্রাপ্ত হইলে চণ্ডমহাদেন অঙ্গারবতী লইয়া উজ্জায়নী প্রস্থান করিলেন। পরে দৈতা কন্তা।-কে পরিণয় করিয়া চশুমহাদেন ভাহার গর্ভে চুই পুত্র উৎপাদন করেন। ভাহার জ্যেষ্ঠের নান গোপালক কণিষ্ঠের নাম পালক। ঐ উভয় পুত্র জন্মিলে রাক্রা रेट्यारम करतन, जाहारा रेट्य कृषे रहेशावत रामन, रा আমার প্রসাদে তোমার অনন্য সদৃশী এক কন্যা উৎপন্ন হইবে। সেই ইন্দ্র বর প্রভাবে রাজার এই কন্সা রত্ন 'লাভ হইয়াছে, কন্মার জন্ম কালে আকাশ বাণী হয় যে যথাকালে এই কন্মার গর্ভে কামদেবাবভার বিদ্যাধরা-ধিপতি জন্মিবে। বাসব বর প্রভাবে এই কন্যার জন্ম হয় বলিয়া বাজা চগুমহাদেন বাদবদ্ভা তাঁহার নাম রাবিয়াছেন। একণে অর্থব-মন্থলোথিত কমলার ন্যায় তিনি পিতার আলয়ে অবশ্বিতি করিতেছেন। চগুম-হাদেন এইরূপ প্রভাব সমপন্ন এবং চুর্গ দেশস্থ, কিন্তু তাঁহার মেই অষ্ট্রন রূপনী কল্যা আপনারই উপযুক্ত: ইহা প্রবণ করিয়া বৎসরাজ উদয়ন বাসবদত্তাকৃষ্ট হৃদয় হইয়া অবন্ধিতি করিতে লাগিলেন।

উদয়ন রাজার কারাবরোধ ও বাসবদতা লাভ।

> ১২। অনন্তর বৎসর:জের প্রেরিত দৃত গিয়া চগুমহা-

रमरनद्ग निकृषे मश्योप एए उद्योग जिनि हिस्रो कतिरलन অভিমানী বংদেশ্বর এখানে আসিবেন না এবং কন্সা-কেও তথায় পাঠান কৰ্ত্ব্য নহে, পাঠাইলৈ লাঘৰ আছে, অতএব কোন কৌশলে তাঁহাকে বন্ধন করিয়া স্থানাই কর্ত্তব্য। ইহা ভাবিয়া চগুণহাদেন মন্ত্রীগণের সহিত মন্ত্রণা করিয়া কাষ্ঠময় এক কৃত্রিম যন্ত্রহস্তী নি-র্মাণ করত তাহার গর্ভমধ্যে কয়েক জন চার পুরুষ প্রবিট করিয়া বিষ্ণ্যকাননে প্রেরণ করিলেন। যন্ত্রহস্তী বনে প্রবেশ করিলে অন্যান্য দৈন্যগণ খঢ়ভাবে দুরে অবন্থিতি করিয়া রহিল। ওদিকে বৎসরাজের রক্ষিড পুরুষ সকল গজ বন্ধন রসা হত্তে ভ্রমণ করিতে করিতে, ঐ প্রকাণ্ড হস্তী দর্শন করিয়া তাঁহার নিকট গিয়া কহিল, মহারাজ! এক বৃহদাকার গজকে বিদ্যাকাননে জমণ করিতে দেখিয়াছি, তজুল্য হস্তী আমরা কখন দৃষ্টিগো-চর করি নাই। বৎসরাজ চার বাক্য প্রবণ করিয়া হর্ষোৎ-ফ্ল-চিত্তে তাহাদিগকে লক্ষ স্বৰ্মুদ্ৰা পারিতোষিক দিয়া কহিলেন, সেই গজেন্দ্র যদি ভোমরা ধরিতে পার তাহা হইলে চণ্ডমহাদেনের অজেয় নড়াগিরির প্রতিমল পাইয়া তাঁহোকে বশীভূত করিয়া আনিতে পারিব এবং जिनि खग्नः हे आंभारक वामवम् छ। अमान कतिरवन, ইহা বলিয়া রাজা কথঞ্জিং নিশা যাপন করিলেন এবং পরদিন প্রাতঃকালে মন্ত্রীগণের সহিত মন্ত্রণা না করিয়া গজ তৃষ্ণায় চারগণ সমভিব্যহারে বিন্ধ্যকাননে গমন • করিছেন। বন মধ্যে প্রবেশ করিয়া চার-প্রদর্শিত বৃহৎ গজের নিকট একাকী গিয়া বীণা বাদ্য করিতে লাগি-লেন, এবং গানে মন্তচিন্ত ও গজ তৃষ্ণায় ব্যাকৃল হইয়া সে যে কৃত্রিম গব্দ তাহা আর কোন প্রকারে বিবেচনা করিতে পারিলেন না। পরে ঐ গজ কর্ণতালা উত্তোলন করত গান প্রবণ করিতে করিতে রাজার নিকটত্ব হইল, এই অবসরে ভালার্ড হইতে চার পুরুষ নির্ণত ও দুর হইতে দৈন্যগণ আগত হইয়া বংদেশ্বরকে বন্ধন করত চণ্ডমহাসেনের নিকট লইয়া গেল। তথ্ন চণ্ডমহাসেন বৎদেশরকে দেখিয়া মহাসমাদরে আহ্রান করত ভাঁহাকে উজ্জয়িনী পুরী মধ্যে লইয়া গিয়া কহিলেন। বৎস-রাজ! আমার কন্তা এই বাসবদস্তাকে গান্ধর্ম বিদ্যা শিক্ষা করাও, তাহা হইলে তোমার মঞ্জ হইবে, বিষাদ করিও না। ইহা এবন করিয়া বৎসরাজ সেই কান্তা বাসবদ্ভাকে দেখিয়া নদনাক্রান্ত চিত্তে গান্ধর্কশালায় গিয়া তাঁহাকে ভোর্য্যত্রিক শিক্ষা প্রদান করত অবস্থিতি করিতে লাগিলেন, বাদরদন্তাও ভাঁহার পরিচর্যাায় রত থাকিলেন।

যৌগন্ধরায়ণ ও বসস্তকের উজ্জ্যিনী গমন।
ওদিকে বৎসরাজের সমভিব্যাহারী গুগয়াবিহারী অভূচরগণ কোশায়ীতে গমন করিলে তাহাদিগের নিকটে
বৎসরাজের কারাবরোধ শ্রবণ করিয়া রাফ্রমধ্যে মহাক্ষোভ উপস্থিত হইল, এবং প্রজাগণ ক্রোধে একত্র মিলিড

হইয়া ইছার কোন প্রকার প্রতীকার করণার্থে মন্ত্রণা করি-তে লাগিল। ভাহাতে দেনাপতি রুমণান্ কহিলেন, চণ্ডম-হাসেন বলসাধ্য নহেন,তিনি মহাবল পরাক্রান্ত,এবং কোন প্রকার বৈরাচরণ করিলে পাছে আমাদিগের রাজার কোন অনিষ্ট করে, অতএব তাহা কর্ন্তব্য নহে। এ বিষয়ে কোন প্রকার যুক্তি সংস্থাপন করিতে হইবে, ইহা বলিয়া প্র-জাগণকে নিবৃত্ত করিলেন। তখন মস্ত্রিবর যৌগদ্ধরায়ণ বৎসরাজ্যের সমুদায়লোককে রাজাম্বরক্ত দেখিয়া রুমণান প্রভৃতিকে সম্বোধন করিয়া কহিলেন, ভোমরা এখানে সর্বদা সাবধানে রাজ্যরক্ষা কর, আমি বসম্ভক সমভিব্যা-হারে তথায় গিয়া কোন কৌশলে চগুমহাসেনের নিকট হইতে রাজাকে মোচন করিয়া আনিতে গমন করি। যেমন জলস্পর্শ হইলেও বিছ্যুদগ্নি বিশেষক্রপে প্রকা-শিত হয়, তদ্ধপ আপংকালেও যাহার বুদ্ধিক্তি পায় उाँहात्करे थीत करा याय, देश विनया योगनुतायन রুমণানের হন্তে সমস্ত রাজ্যভার অর্পণ করিয়া বসন্তক সমভিব্যাহারে কৌশামী হইতে যাত্রা করিলেন। কিয়ৎদুর গমন করতঃ বিন্ধাপর্বতের পূর্বাংশে পুলিন্দনগরে বৎ-দেশনিত্র পুলিন্দকের গৃহে গিয়া উত্তীর্ণ হইলেন এবং বংসরাজ তথায় আসিলে তাঁহার রক্ষার্থ সেই স্থানে বহু নৈত্য সংস্থাপন করিয়া উজ্জয়িনীতে মহাকাল শ্মশার্নে গিয়া উপশ্বিত হইলেন। সে স্থান শৃগাল বেতালাদি মাংসাশী জীবগণে পরিপূর্ণ এবং চিতা ধূরাদি দারা সর্ব-

দাই তমসাবৃত রহিয়াছে। মক্তিশ্রেষ্ঠ যৌগন্ধরায়ণ ভথায় উদ্ভীর্ণ হইবামাত্র যোগেশ্বর নামক এক ব্রহ্ম রাক্ষমের সহিত সাক্ষাৎ হইল। এবং তাহার সহিত পরিচয় হইয়া পরস্পর নিত্রভাবে উভয়েই উভয়ের গুণে অত্যন্ত বাধিত হইলেন। পরে যৌগন্ধরায়ণ ব্রহ্ম রাক-দের পরামর্শে স্বীয় রূপ পরিবর্ত্ত করিয়া এক বৃদ্ধ ক্র বিকৃত উন্মন্ত রূপ ধারণ করিলেন এবং বসস্তকেরও রূপ পরিবর্ত্ত করিয়া এক বিকৃত দন্তর রুগ্নবেশ সম্পাদন করত ষ্ঠাহাকে অগ্রে উজ্জয়িনী রাজ দ্বারে প্রেরণ করিলেন। পশ্চাৎ আপনি উন্মন্তেরন্যায় নৃত্য গীত করিতে করিতে , রহস্য দর্শী লোকে পরিবৃত হইয়া রাজগৃহ দারে উপ-স্থিত হইলেন। দারপালদিগের নিকট ঐ রূপে উপ-দ্ভিত হওয়াতে তাহারা সকলে উহাকে লইয়া কৌতুক क्रिंडि लोशिल। क्रिंस क्रिंस खे मकल मश्रीप बामव দন্তার কর্ণগোচর হওয়াতে তিনি উন্মন্তের নৃত্যগীত দর্শনার্থ কোতূহলাবিফ হইয়া দাসী প্রেরণ করিয়া ভা-হাকে গান্ধর্কশালায় আনয়ন করিলেন।

কারাগারে উদয়নের নিকট বসস্তকের অবস্থান।
যৌগন্ধরায়ণ গান্ধর্ম শালায় উপস্থিত হইবামাত্র তথায়
বংসরাজকে কারাবদ্ধ দেখিয়া শোকে অব্রুধারা বর্ষণ
করিতে লাগিলেন। পরে বংসেশ্বরের নিকটে গিয়া তাঁহাকে কর্ণে কর্ণে নিজ পরিচয় প্রদান করাতে তিনি
প্রস্থায়ণকে জানিতে পারিয়া আপনার নোচনোপায় নিদ্ধারণ করত মহা আনন্দিত इहेटलन। योगन्नतांग्रन युक्ति बटल এই मकल गांभात সম্পন্ন করিয়া অদর্শন হইলে হঠাৎ তাঁহাকে না দেখিয়া সকলে বিশ্বয়াপন্ন হইল। তথন বৎসরাজ বাসবদত্তাকে कहिलन, जूमि এই সময়ে সরস্বতী পূজা করিয়া শীঘ্র আগমন কর। ইহা শুনিয়া বাসবদতা স্থীগণ সম-ভিব্যাহারে উপহার লইয়া সরস্বতী পূজার্থ যাত্রা করিলেন। ইত্যবদরে পুনর্কার যৌগন্ধরায়ণ আসিয়া বৎসেশ্বকে বাসবদন্তার বশীকরণের উপায় কহিয়া এবং বসম্ভক রূপান্তর ধারণ করিয়া যে ছারে বর্ত্ত-নান আছে, ভাহাকে ব্ৰাহ্মণ-রূপে নিকটে আনিভে चारम्भ कतिया श्रष्टांन कतिराम। পরে সরস্বতী পূজা সমাপন করিয়া বাসবদন্তা গৃহে আসিবামাত্র বং-দেশ্বর কহিলেন, প্রিয়ে! বহির্দারে এক ব্রাহ্মণ অবস্থিতি করিতেছেন, তাঁহাকে আনিয়া স্বরস্বতী পুজার দ্কিণা প্রদান কর। ইহা শ্রেবণ করিয়া বাসবদন্তা দারদেশ হইতে তাঁহাকে আনয়ন করাইলেন। বদন্তক তথায় আগমন পূর্মক বংসরাজের অবস্থা দেখিয়া রোরুদ্যমান হইলে বৎসরাজ কহিলেন, হে ব্রাহ্মণ! রোদন করিও না, তমি আনার নিকট কিয়ৎকাল অবস্থান কর, আমি তোমার রোগ-জনিত অঙ্গ-বৈরুপ্যের শমতা করিয়া দিব। তখন বসন্তক যে আজ্ঞা মহারাজ! বলিয়া তথায় অবস্থান করিতে লাগিলেন, কিন্তু রাজা তাঁহার বিকৃত রূপ দেখিয়া

আর হাস্য সম্বরণ করিতে পারিলেন না। তাহাছে বসকন্ত তাঁহার আশার বুঝিতে পারিয়া তিনিও বিকৃত মুখে হাস্য করিতে লাগিলেন, বাসবদস্তাও এই কৌতুক দর্শনে পরিতুই হইয়া হাসিতে হাসিতে কহিলেন, অহে বিপ্র! তুমি যদি কোন কৌতুহল জনক বিষয় জাত থাক, তবে আমাদিগের বিনোদার্থ ব্যক্ত কর। বসন্তক কহিল, হে দৈবি! আমি অপুর্ব উপকথা কহিতে পারি, অতএব আপনাদিগের মনোরঞ্জনার্থ একটা উপাধ্যান বর্ণন করি, শ্রবণ করুন।

#### লোহজ্ঞ ও রূপিণিকার উপাখ্যান।

প্রীক্ষের জন্মভূমি মথুরা নামে এক নগর আছে।
রপিনিকা নামে এক বারবিলাসিনী তথায় বাস করিত।
রপিনিকার মাতা অভি প্রাচীনা এবং ভাহার নাম নকরদংট্রা। যে সকল যুবা পুরুষ রপিনিকার গুনে বশীভূত
হইয়া ভাহার গৃহে আগমন করিত, মকরদংট্রাকে তাহাদিগের বিষভুল্য বোধ হইত। একদা রপিনিকা দূর
হইতে এক স্থরপ সম্পন্ন পুরুষকে দেখিয়া দৃতীকে
কহিল, তুমি, সত্ত্র গিয়া ঐ পুরুষকে অম্বরোধ কর.
উনি আসিয়া অদ্য আমার গৃহে অবস্থান করুন। তখন
চেটা গিয়া সেই পুরুষকে ভাহা কহাতে তিনি কিঞ্ছিংকাল
দ্বির ভাবে বিবেচনা করিয়া কহিলেন, আমি অতি
ছঃখী ব্রাহ্মণ, আমার নাম লোহজজ্ঞ, আমার ধন নাই,
ধনী-জন-লভা রপিনিকার গৃহ সমিধানে আমি কোথায়

আছি?•ইহাতে চেটা কহিল, তিনি তোমার নিকট ধন आर्थना करतन ना। देश श्रनिया लाइकव्य श्रीकांत क-রিলে চেটাগিয়া রুপিণিকাকে সমস্ত সংকাদ অবগত করা-তে রূপিণিকা তদবধি পথ নিরীক্ষণ করিয়া তাহার আগ-মন প্রতীক্ষা করিতে লাগিল। কিয়ৎকাল পরে লোহ-জজ্ম তাহার দ্বারে আসিয়া উপস্থিত হইবা মাত্র বৃদ্ধা দেখিয়া মহা বিরক্ত হইয়া উঠিল। ইহা দেখিয়া রূপিণিকা স্বয়ং উচিয়া সাদরে ভাহার হস্ত ধারণ করত বাসগৃহা-ভারুরে লইয়া গেল' এবং ভথায় লোহজজ্বের গুণে বশীভূত হইয়া অন্য প্রার্থনা পরিত্যাগ করতঃ জন্ম সফল মানিয়া তাহার সহিত স্থথে কাল্যাপন করিতে লাগিল। এই রূপে কিয়ৎকাল অতীত হইলে রূপি-ণিকার অন্য পুরুষ প্রার্থনা পরিত্যাগ অবগত হইয়া একদা মকরদংক্র। নির্জনে রূপিণিকাকে ডাকিয়া কহিল, হে পুত্রি! তুমি এই নির্দ্ধন ব্রাক্ষণকে আর কত কাল বৃথা मिता कतिरव ?। वृक्तिमजी गनिकाता बतः मनरक म्मर्भ करत, उथापि निर्द्धन शूक्तरयत सूच नन्दर्गन करत ना তুমি বেশ্যা বৃত্তিতে কালযাপন করিবে, এক পুরুষে তোমার এত অহুরাগ কেন? বেশ্যাবৃত্তি কণ ভঙ্গুর চিরকাল থাকে না। গণিকার। নটাদিগের ন্যায় কৃত্রিম প্রেম দর্শন করাইয়া থাকে, তুমি ইহার প্রতি এত যথার্ঘ অমুরাগ প্রকাশ কেন কর? অভএব ডুমি ইহাকে পরিত্যাগ কর, বুধা আপনার নাশ প্রার্থনা করিও

না। মাভার এই বাক্য অবণ করিয়া রুপিনিকা কহিল, লোহজজ্ম আমার প্রাণ হইতেও প্রিয়তর, অভএব ভূমি তাহাকে পরিত্যাগ করিতে আমাকে কহিও না, আমার অনেক ধন আছে, আর ধনে প্রয়োজন নাই। ইহা এবণ করিয়া মকরদং জ্রা নিরুত্তর হইল কিন্তু মনে মনে লোহজজ্বের নির্বাসনের উপায় চিন্তা করিতে লা-গিল। অনন্তর একদা মকরদং ফ্রা শস্ত্র-পাণি দৈন্য সামন্ত-গণ পরিবেটিত পথে ভ্রমণকারী এক রাজপুত্রকে দেখিয়া তাঁহার নিকটে গিয়া কহিল, মহারাজ! এক নির্দ্ধন পুরুষ আমার গৃহে অবস্থান করত আমার বিস্তর অনিউ করি তেছে, আপনি আসিয়া श्रीय तल তাहां निर्सामन করুন। রাজপুত্র তথাস্ত বলিয়া তাহার গৃহে আসিয়া সৈন্যদিগকে অন্ত্ৰমতি করাতে সৈন্যেরা লোহজজ্ঞকে প্রহার করতঃ দূরীভূত করিয়া দিল। লোহজজ্ঞও এই রূপে অপমানিত হইয়া পলায়ন করত ঘূণায় বনে গিয়া ভ্রমণ করিতে লাগিল।

#### লোহজভোর লক্ষায় গমন।

একদা লোহজজ্ম গ্রীষ্মতাপে ক্লিম্ট হইয়া নির্জন ছায়ায় বিশ্রাম করণার্থ গমন করিতে করিতে হঠাৎ সম্মুখে পতিত একটা প্রকাণ্ড মৃত হস্তীশরীর দেখিয়া তাহার নিকট গিয়া নিরীক্ষণ করিয়া দেখে যে তাহার উদরদেশে এক ছিন্ত রহিয়াছে, সেই ছিন্ত দিয়া তন্মধ্যে প্রবেশ করিয়া দেখিল বৈ তন্মধ্যে অস্থি বা সাংস কিছুই নাই,

কেবল খুনা গর্ভ যাত্র। তাহাতে পরম হাট হইয়া সুখে তন্মধ্যে অবস্থিতি করিতে লাগিল। কিয়ৎকাল তথায় থাকিয়া উত্তাপ শান্তির পরে সূখ ছায়া আগ্রয় জক্ত লোহজজের যোরতর নিক্রা আসিয়া উপস্থিত হইল, लार जुड़ निज् यारेटिए इन, अभे काल दृश्कां अक পক্ষী ক্ষুধায় আহার অবেষণ করিতে করিতে ঐ হস্তি-কায় দেখিয়া হৃষ্টচিত্তে চঞ্চুতে ধারণপুর্বক তাহা লইয়া সমুদ্রের পর পারে গিয়া ভূমিতলে নিক্ষেপ করত তাহাতে চঞ্র আঘাত দারা বৃহৎ এক ছিদ্র করিয়া তম্মধ্যে এক জীবিত পুরুষ দেখিয়া ভয়ে পলায়নু করিল এবং লোহ-জুজাও পকীচঞ্র আঘাত শব্দে নিজাভঙ্গ হইয়া তাহা হইতে বহির্ণনন পুর্বকে আপনার সমুদ্র পারে আগমন অন্তব করিয়া বিশ্বয়াপন হইল। অনন্তর বহু দূর হইতে 🗒 ছুই রাক্ষ্য লোহজংঘকে দেখিয়া, রাম্চত্র হইতে পরাভব শ্বরণ করত সম্বরগিয়া তদ্দেশীয় রাজা বিভীষণের নিকটে কহিল, মহারাজ! সমুদ্র ভীরে এক মানব দণ্ডায়ম্ন রহি-য়াছে আমরা দেখিয়া আসিলাম, বোধ হয় রামচত্র পুনরাগমন করিয়াছেন । ইহা শুনিয়া বিভীষ্ণ মান্তুসা-গমন বার্ত্তায় ভীত হইয়া কহিল, তুমিপ্পুনরায় তাহার निकरि यां , शिया मानत, मञ्जायन शूर्ज्यक वन् रय जिनि আমার গৃহে আসিয়া কিয়ৎকাল অবস্থান করুন। রাক্ষস যে আক্সা বলিয়া লোহকজের নিকট প্রভ্যাগমন পুর্বক বিভীষণের বাক্য নিবেদন করাতে তিনি তাহা হীকার

কবিযা ভাহার সহিত লক্ষাপুরীতে গিয়া প্রবেশ করি-**राजन, धदः उथोकांद्र आगाम गकल स्वर्गमग्न एमशिया** বিময়াপম হইয়া বিভীষণের নিকটে উপস্থিত হই-লেন। বিভীষণ তাঁহাকে দেখিয়া আসন ও আতিথ্য প্র-দান করত কহিলেন, আপনি কি নিমিত্তে ও কি রূপে এখানে আগমন করিলেন ভাহা শুনিতে বাসনা করি। ইহা শুনিয়া ধূর্ত্ত লোহজজ্ঞ কহিলেন, আমি ব্রাহ্মণ, আমার নাম লোহভজা, মথুবায আমার বসতি। আমি অত্যন্ত দরিদ্র অতএব ধন প্রার্থনায় নিবাহারে নারা-হণেৰ তপস্যা করিতে ছিলাম, এক দিবস নারাঘণ তুই হইযা আমাকে স্থামে আদেশ করিলেন, তুমি লঙ্কায বিতীষণের নিকট গমন কব, তিনি আমার পর্য ভজ্ অতএব তিনিই তোমাকে ধনদান করিবেন ৷ ইহা শ্রব: কবিয়া আমি কাতর হইয়া কহিলাম, প্রভো! কেথাঃ সেই বিভীষণ, আর কি প্রকারেই বা আমি তাঁহার নিকট গমন করিব। ইহাতে প্রভু অন্থমতি কবিলেন যে এখনই ভূমি গিয়া বিভীষণের সহিত সাক্ষাৎ বরিতে পাবিবে অনন্তব ানডাভঙ্গ হইয়া দেখি যে আমি একেবারে সমু দ্রের পারে আদিয়া উপস্থিত হইয়াছি। মহাবাজ! আদি এই মাত্র জানি, আর কিছুই অবগত নহি। ইঠা শুনিয় বিভীষণ মনে করিলেন, অব্সাই ইহা দৈবপ্রভাব হইবে অতএব ইহাকে ধন দিয়া বিদায় করা আবশ্যক, ইহ ভাবিয়া তাঁহাকে প্রভূত স্বরণ রত্নাদি প্রদান বরিকেন।

#### लक्कांत्र উৎগত্তি विवत्र ।

লোহকজ ধন প্রাপ্ত হ্ইয়া অভিশয় আহলাদপুর্বাক ইতন্তত নিরীক্ষণ করিয়া জিজাসা করিলেন, মহারাজ! এই লক্ষার সকল স্থানই কাঠময় দেখিতে পাই, ইহার কারণ কি শুনিতে বাদনা করি। বিভীষণ উত্তর করি-लन, रह विश्र! यिन देश धारन कतिए छानात की छू-হল জিমিয়া থাকে, ভবে শ্রবন কর। একদা কশ্যপাত্মজ গরুড় কুধার্ড হইয়া স্থীয় পিতার নিকট গিয়া আহার প্রার্থনা করাতে কশ্যপ্ন কহিলেন, সমুদ্রকুলে শাপভ্রষ গজকত্মপদম যুদ্ধ করিতেছে, তৃমি গিয়া ভাহাদিগকে ভক্ষণ কর। বুভুক্ষু গরুড় তৎ ক্ষণাৎ গিরা গজকছ-পকে চঞ্বারা ধানে করত উড্ডীন হইয়া কল্লবুকের শাখায় উপবেশন করিল, যেমন উপবিষ্ট হুইয়াছে অমনি তাহাব ভরে ঐ শাখা ভগ্ন হইয়া গেল। তখন গরুড় দেখিলেন যে তাহার তলে ষটি সহঅ বালিখিলা ঋষি বসিয়া তপস্থা করিতেছেন, বৃহৎ শাখা পভিত হইলে পাছে ক্ষবিগণের অনিট হয় এই বিবেচনায় তাহা নখে ধারণ করত উদ্ভীন হইয়া সমুদ্র মধ্যে গিয়া নিকেপ করিলেন। সেই শাখার উপরে এই লঙ্কা নিশ্মিত হইয়াছে, এই জন্মই ইহা কাপ্সায়ী। ইহা শুনিয়া লোহজজ্ঞ বিশ্বয়াপন হইলেন।

লোহজ্ঞের নারাযণ বেশে রূপিণিকার গৃহে গমন। এইরূপে সোহজ্জ কিয়ৎকাল লক্ষায় অবস্থান করত

মথুরায় গমন করিবার মানস প্রকাশ করিলে বিভীষণ মথুরাবর্ত্তী জীকুঞ্চকে প্রদানার্থ উহাঁকে রত্ন নিশ্বিভ শন্ধ, চক্র, গদা, পদ্ম দিলেন, আর উঁহোর সমুদ্র পার হইয়া গমনার্থ এক বৃহৎ পক্ষীকে আদেশ করিলেন যে তুমি ইহাঁকে পৃষ্ঠে বহন করত মথুরায় রাখিয়া আইন। তখন লোহজজ্ঞ পক্ষীর পৃষ্ঠে আরোহণ করত কণকালের মৃধ্যে অনায়াদে মথুরায় আদিয়া উত্তীর্ণ হইলেন এবং তাহার একটা রত্ন আপনে বিক্র করিয়া ভন্সলো উত্তম বস্ত্রাদি ক্রয় করত পরিধান পূর্ব্বক প্রদোষ সনয়ে শস্থ চক্রাদি হত্তে লইয়া পক্ষীপৃষ্ঠে আরোহণে রূপিণি-কার মৃহের উপরিভাগে গমন করিলেন। তথায় এক "শব্দ করাতে রূপিণিকা বাহিরে আসিয়া দেখে আকাশে বিহগোপরি নারায়ণ অবতীর্ণ হইতেছেন। তখন রূপি-িকি গলবস্ত্র হইয়া প্রণাম করত আহ্বান করাতে লোহজ্জ ক্রে ক্রে তাহার গৃহে আগিয়া উপস্থিত হইলেন্পএবং কিয়ৎকাল তাহার সহিত অবস্থিতি করিয়া ·পুনর্বার পক্ষীপৃষ্ঠে আরোহণ করত আকাশপণে প্রস্থান করিলেন। এইরূপে কিয়দ্দিবদ গভায়াত করিতে করিতে এক দিবস মকর ংক্তা উহা জানিতে পারিয়া রুপিনি-कारक किकामा कदांटि म कहिन, तांतिकांत नाताशन গরুড়োপরি আরোহণ করত আমার প্রতি অমুগ্রহ করিয়া আগনন করেন। ইহা শুনিয়া মকরদংক্রা কহিল হে পুত্তি! তবে তুনি দেবী হইয়াছ অতএব একণে সন্তা-

নের কার্য্য কর। তুনি নারায়ণকে কহ ভিনি আমাকে ইহ শরীরেই স্বর্গ লাভ করিয়া দেন। আমি বিশুর পাতক করিয়াছি একণে শেষ দশা উপস্থিত, যাহাতে মুক্ত হই তাহা তিনি করুন। ইহা প্রবণ করিয়া রূপিণিকা একদা রাত্রিকালে সমস্ত বুস্তান্ত লোহজজের নিকট নিবেদন করাতে তিনি কহিলেন, তোমার মাতা অভি পাপীয়দী, তাহাকে আমি প্রকাশ্ত রূপে স্বর্গে লইয় ষাইতে পারিনা। একাদশী দিবস প্রভাতে স্বর্গের দার উদ্যাটিত হইয়া থাকে, তাহাতে প্রথমতই মহা-দেবের প্রমথগণ প্রবিষ্ট হয়, সেই সময়ে তাহাদি-গের সমান বেশ ধারণ করাইয়া সেই সঙ্গেই ইহাকে প্রবিষ্ট করিয়া দিব। অভএব প্রমথগণের স্থায় ইহার মন্তক মুণ্ডন, কঠে অন্থিমালা, এক গণ্ডে শিন্দ্র অন্ত গণ্ডে কজ্জল, এবং নগ্ন করিয়া রাখ, আমি তাহার পূর্ব-मिवन नाग्नः काटल जानिया हेहाटक लहेगा वाहेत। ইহা বলিয়া লোহজংঘ পক্ষীপুঠে আরোহণ করত विमारन अञ्चान कतिरलन। ७ मिरक धकामगीत शूर्स मिवम লোহজ্জ যেরপ আদেশ করিয়া ছিলেন, রূপিণিকা তাহার মাতাকে মেই রূপ বেশ ধারণ করাইয়া স্বর্গ যাত্রার প্রভীক্ষা করিয়া থাকিলেন।

নকরদংশ্রীর প্রতিফল প্রাপ্তি।

নিরূপিত দিবস সায়ংকালে লোহজজ্ম আসিয়া উপ-স্থিত হইলে রূপিনিকা মাতার হস্তধারণ করিয়া তাঁহার

হত্তে সমর্পণ করিল এবং লোহজজ্ঞত তাহার হত যারণ করভ বিহণে আরোহণ করিয়া তাহাকে লইয়া আকাশ পথে গমন করিলেন। কিয়ৎ দূর গমন করিয়া 🕮 কৃষ্ণের মন্দিরের সম্মুখবর্কীশিলাস্তস্তের উপরে যে তিশূল আছে, সেই ত্রিশূলের নিকটে গিয়া কহিলেন, মকরদংক্টে! তুমি এই স্থানে ত্রিশূল ধারণ করিয়া উপবেশন কর, আমি স্বর্গ-দ্বার উদ্বাটিত হইয়াছে কি না দেখিয়া আদি, যতক্ষণ না আসিব তভক্ষণ চক্ষু মুদিত করিয়া থাক, ইহা বলিয়া প্রস্থান করিলেন। ও দিকে মথুরাবাসী লোক সকল রাত্রিকালে কৃষ্ণ দর্শন করিয়া গমন করিতেছে দেখিয়া , আকাশ হইতে লোহজজ্ঞ কহিলেন, ওহে মথুরাবাসী লোক সকল, দেখ স্তন্তের উপরিভাগে ধুমকেতু উদয়ের স্থায় কি এক অলকণ উদিত হইয়াছে, বোধ হয় নথুরায় কোন অমঙ্গল ঘটিবে, অতএব তোমরা এই সময়ে এক্-ক্ষের আরাধনা কর। আকাশ হইতে ইহা প্রবন করিয়া মধুরাবাসী লোক সকল উদ্ধে দৃষ্টিপাত করিয়া দেখে যে স্তম্ভের উপরিভাগে কি এক কদাকার অলক্ষণ উপবিষ্ট রহিয়াছে। দেখিয়া সকলে ভীত হইয়া কোলাহল করিতে করিতে নিজ নিজ স্থানে প্রস্থান করিল। তখন বৃদ্ধা স্তম্ভের উপরিভাগে উপবেশন করিয়া ভাবিল এখনও দেব আগমন করিলেন না, আমিও স্বর্গে গমন করিতে পারিলাম না, অথচ একণে আর ইহার উপরে উপ-েবেশন করিতেও পারিনা। পরে পতন ভয়ে ক্রন্দন

করিতে করিতে উচ্চৈঃস্বরে কহিল, হা! আমি পতিত হইয়া প্রাণ ত্যাগ করি। ইহা শুনিয়া তথাকার লোক সকল প্রাতঃকালে তথায় আসিয়া দেখে যে এক বৃদ্ধা ন্তম্ভ পৃঠে উপবিষ্ট রহিয়াছে, তাহার দেই রূপ বেশ ভূষা দর্শন করিয়া সকলে হাস্তা করিতে লাগিল এবং ক্রমশঃ এই কথা প্রচার হওয়াতে রূপিণিকা তথায় উপ-স্থিত হইয়া সীয় মাভার সেই অবস্থা দেখিয়া ভাহাকে তথা হইতে অবভারিত করিল, তখন তত্ত্ব লোক সকল কহিতে লাগিল, এই বৃদ্ধা অনেক পুরুষকে বঞ্চনা করি-ग्राट्ड देश छाहात्रदे कम सामित्व। देश छनिया लाह-জজ্ম তথায় আসিয়া সকল কথা প্রকাশ করাতে সক-লেই বিস্ময়াপন হইল। পরে লোহজঙ্ঘ বিভীষ্ণ দস্ত সেই শঙা চক্রাদি দেব হস্তে প্রদান করত স্বীয় গৃহে প্রস্থান করিল। কপট বেশী বসম্ভক্তের মুখে এইরূপ আশ্চার্য্য উপস্থান শ্রেবণ করিয়া বানবদ্দ্ধা অভিশয় পরিতৃটা হইলেন, এবং বৎসাধিপতির প্রতিভাঁহার ক্রমশঃ বদ্ধানুরাগ হইতে লাগিলেন।

### বাসবদ্ভা হরণের উপায় নির্দ্ধারণ।

১৩। অনন্তর বাসবদন্তা ক্রমশ পিতৃপক্ষ পরাগ্মুখ হইয়া বংসরাজের প্রতি প্রগাঢ় সদ্ভাব প্রকাশ করিতে লাগিল। তখন যৌগন্ধরায়ণ পুনর্ফার গোপনে বসম্ভক সমক্ষে বংসেশ্বরের নিকট উপস্থিত হইয়া কহিলেন, হে রাজন্! চগুমহাসেন ছল করিয়া তোমাকে কারাবদ্ধ

রাখিয়াছেন, কিন্তু পশ্চাৎ স্থুতা দান করিয়া সম্মানের সহিত মোচন করিবেন। অতএব এই সময়ে কোন রূপে আ-মরা ইহাকে হরণ করিয়া পলায়ন করিতে পারিলে ইহার প্রতীকার করা হয়, নতুবা লাঘব হইবে, অতএব তদ্বি-ষয়ে সৎপরামর্শ করা কর্ত্তব্য। চগুমহাদেন পুর্বের বাসব-দত্তাকে এক হত্তিনী দিয়াছিলেন, তাহার নাম ভদ্রবতী, আমি শুনিলাম রাজহস্তী নড়াগিরি ব্যতীত আর কোন হস্তী তাহার সমান বেগে গমন করিতে সমর্থ হয় না এবং ভদ্রবভীর সহিত নড়াগিরির এমন প্রণয় যে তাহারা উভয়ে কখনও পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হয় না। ভদ্রব-ৃতীর হস্তারোহের নাম আবাঢ়ক, আনি তাহাকে ধন দিয়া বশীভূত করিয়াছি। তুমি বাসবদস্ভার সহিভ সেই হস্তিমী পৃষ্ঠে আরোহণ করতঃ রাত্রিকালে গোপনে পলায়ন করিও, আমি একণে তোমার সখা পুলিন্দকের গুহে গিয়া অবস্থান করি, তথায় তোনার সহিত শাক্ষাৎ হইবে । ইহা বলিয়া যৌগন্ধরায়ণ প্রস্থান করিলে বংসরাজ সেই অমুদায় কথা বাসবদতাকে অবগত করিলেন এবং বাসবদ্ভাও সমাত হইয়া অতি উৎসাহ পূর্বক আষাঢ়ককৈ ডাকিয়া হন্তি সজ্জা করিতে আদেশ করিলেন। তথন আযাতক করিণীকে স্থুসঞ্জিত করিয়া প্রদোষ সময়ে বাসবদত্তার গৃহ দ্বারে আনিয়া উপস্থিত করিল, এমত সময়ে আকাশ মগুলে ঘোরতর মেঘ উদিত . হইয়া গৰ্জন কানতে লাগিল। ভাহা গুনিয়া করিণীও

ষোরতর শব্দ করিয়া 'উচিল। হত্তিবৃংহিতাভিজ রাজা বংসেশ্বর করিনী রব গুরুণ করিয়া কহিলেন, করিণী কহিতেছে যে অদ্য ত্রিষ্টি যোজন গমন করিব।

#### वागवज्ञ इत्र ।

खनखत्र वररमश्रद्ध योगञ्जताग्रताशामास्मादत चाल-নাকে কারা হইতে মোচন করতঃ নিজ বীণা হত্তে লইয়া বাসবদ্ভা ও বসন্তকের সহিত হত্তিনীভে আরোহর कत्रितन, हेरा पिथिया वाजवन्छात्र जथी कांक्षन मानाउ छाँदात्र महशामिनी दहेरलन । ताजभूती हहेरछ दहिर्गमन কালে, বহির্দারে বীরবাছ ও তালভট নামে রাজার ছুই সেনাপতি আসিয়া দার রোধ করিলে, বৎসরাজ তাঁহা-দিগকে বধ করিয়া নিরুদ্বেগে প্রস্থান করিলেন। এদিকে দ্বার বৃক্ষকগণ উভয় সেনাপতিকে নিহত দেখিয়া রাজার निकारे शिया नश्वाम श्रामा कदिला, तांका विरम्ध अञ्-সন্ধান করিয়া বুঝিলেন, যে বাসবদভাকে হরণ করিয়া বৎসরাজ্ব পলায়ন করিয়াছেন। রাজার কণিঠ পুত্র পালক রাজপুরী মধ্যে এই সকল কোলাহল এবণ করতঃ কোধে অধীর হইয়া নড়াগিরিতে আরোহণ পূর্বক युकार्थ वर्रमञ्जादात अवययन याजा कतिरेलन। कियरमृत গমন করিলে বংসেশ্বর পশ্চান্তাগে যুদ্ধ সক্রায় সমাগভ পালককে দেখিয়া বাণ ক্ষেপ করিতে লাগিলেন। তথ্ন নড়াগিরি ভদ্রবভীকে দেখিয়া যুদ্ধে প্রবৃত্ত না হওয়াতে ত্মতরাং পালকের সংগ্রাম বিষয়ে নিবৃক্ত হইতে হইল. এবং বংসরাজ্ঞ সম্বর গমন করিতে লাগিলেন। কতক দুব গমন করিতে করিতে রজনী প্রভাতা হইল। পরে निवा ब्रहे श्राहत नगरत विद्याणिवीट उठीर इहेटनन, কিন্তু করিণা ত্রিষষ্টি যোজন অতিক্রম করিয়া আসাতে ভুষ্ণায় অভিশয় কাতরা হইনা উচিল। অনন্তব রাজা ও রাজী প্রভৃতি আরোহিতা সকলে অবরোহণ করিলে करिती रागन जल भाग कतिल, अगर्न अणिए इडेशो পঞ্চত্র প্রাপ্ত হইল। তথন রাজা অত্যন্ত বিষয় বদনে উৰ্দ্ধ মুখ হইয়া দেখেন যে আকাশে এক বিদ্যাধরী কহি-তেছে, মহারাজ! আমি মায়াবভী নামে বিদ্যাধরী, শাপদোষে হস্তিনী হইয়া এতাবং কাল তোমার উপকার করিল।ম। ভবিষাতে ভোমার যে পুত্র জিমিবে, আমি তাহারও উপকার করিব। তোমার পত্নী এই বাসবদ্তঃ मासूधी नरहन, स्तृत कना।, देनि कान कांद्रन दणटः শাপদোষে অবনীতলে অবতীর্ণ। হইয়াছেন।

# বংসেশ্বরের প্রতি চওমহাসেনের সস্তোধ ও উপহার প্রদান।

ইহা শুনিয়া রাজা হাট চিত্তে কিয়ৎকাল স্থপস্কলে অবস্থান করিয়া পরে পুলিন্দকের নিকট আপনার আগনন সংবাদ কহিবার জন্য বসন্তক্কে প্রেরণ করিবলেন, এবং স্থয়ং ভাষ্যা সহিত তথায় পাদচারণা করিতে করিতে কতক গুলি দস্যাকে সন্মুখে সনাগত দেখিয়া ধসুকে জ্যা আরোপণ করত তাহাদিগের সহিত সুদ্ধে

প্রবুত্ত হুইতেছেন এমত সময়ে বসত্তককে অগ্রে করিয়া দৈন্য সামন্ত সমভিব্যাহারে যৌগন্ধরায়ণের সহিত পুলিক্ক আসিয়া উপস্থিত হইলেন, এবং দস্থাগণকে পরাজয় করিয়া অবশেষে রাজাকে প্রণাম করত স্বীয় আবাসে লইয়া গেলেন। সে রাত্রি তথায় অবস্থান ক্রিয়া পর দিন প্রাতঃকালে গাভোখান করিলে সেনা-পতি রুমন্বান্ রাজার আগমন সংবাদ প্রাপ্তি পূর্বক ত থায় আসিয়া উপস্থিত হইলেন এবং ক্রমে ক্রমে রাজার দৈন্য সামন্ত হয় হস্তী সকলই আদিয়া উপস্থিত হইল। তখন রাজা পরন হাউ হইয়া উজ্জায়িনীর সংবাদ প্রাপ্তির নিমিস্তে নিভান্ত উৎস্থক হইয়া দেখেন তথা হইতে এক জন বণিক উপহার হত্তে করিয়া সম্মুখে আগমন করি-তেছে, বণিক নিকটে আসিলে সমানের সহিত তাহাকে আসনে বসাইয়া জিজাসা করাতে বণিকু কহিল, মহারাজ! চণ্ড মহাসেন আপনার প্রতি সম্ভট হইয়া এই উপহার প্রেরণ করিয়াছেন, আপনি গ্রহণ করন। वरमताज ও वामरमछ। देश धारन कत्र आस्नाम গরিপূর্ণ হইয়া উপহার গ্রহণ পূর্ব্বক রত্ন বস্ত্রাদি প্রদানে বনিককে পরিভূষ্ট করিয়া পরম সুখে কলিয়াপন করিতে লেন, একণে আমার বিনোদার্থ একটা রমণীর উপাখান প্রারণ করাও। ইহা শুনিয়া ধীমানু ব্যস্তক পতি-ভক্তি বিষয়ে একটা উপাখ্যান কহিতে আরম্ভ করিলেন।

### উইসেন ও দেবকিতার উপাধ্যান।

रमस्क कहिलान, वानवपाख! धारन कत्र! जाञ्जीनश्च नगरत धनम्ख नारम महाधम मन्त्रात्र अक विनक् राज कत्रि-তেন। তিনি অপুত্রক ছিলেন। একদা ধনদত্ত ব্রাহ্মণ গণকে আহ্বান করিয়া কছিলেন, আপনারা এমন কোন কিয়ান্তান করুন, যাহাতে অচিরাৎ আমার এক পুত্র उँ९१व रय । बाकालबा करिलन, व्यामानित्वत व्यनाधा কি আছে? শ্রেত কর্ম ছারা আমরা সকলই সাধন করি-তে পারি। এবন কব, পুর্বে এই দেশে এক অপুত্রক রাজা ছিলেন, ভাঁহার এক শত পাঁচ মহিষী ছিল। ব্রাহ্মণ নগণ দ্বার। পুত্রেটি য়ক্ত করিয়া তাঁহার জন্ত নামে এক পুত্র জন্মে। জন্ত ক্রমণ বর্দ্ধনান হইয়া চন্দ্র কলার স্থায় মাতৃগণের নয়নে আহলান সঞ্চার করিতে লাগিল। একদা জন্ত জাতু দ্বারা গমন করিতে করিতে উরুদেশে পিপীলিকা কর্ত্ব দং ই হইয়া ক্রন্দন করিয়া উঠাতে অন্তঃপুর মধ্যে এক মহা কোলাহল উপস্থিত হইল এবং রাজাও হাপুত্র বলিয়া রোদন করিতে লাগিলেন। কণ-কাল পরে বালক সুস্থ হইলে রাজারও মনোছঃখ দুর হইল, কিন্তু তিনি বিবেচনা করিলেন, এক পুত্র নানা ু ছুংখের কারণ, অতথ্য এমত কোন উপায় আছে কি না? যাহাতে আমার বছ পুত্র উৎপন্ন হয়। এই পরিতাপে পুনর্বার ব্রাহ্মণগণকে আহ্বান করিয়া ঐ বিষয় প্রার্থনা করাতে তাঁহারা কহিলেন, মহারাজ! এক উপায় আছে,

প্রবণকর। তোমার পুত্র জন্তকে বধ করিয়া ক্রমশ ভাছার সমুদায় মাংস বহ্লিতে আছতি দিতে হইবে, ঐ আহতি গন্ধ আত্রাণ করিলেই সকল রাজীর এক একটা পুত্র উৎপন্ন হইবে। ইহা প্রবণ করিয়া রাজা ভজ্ঞগ ष्यस्थान कदारा क्रमण नकन ताकीर श्रूववणी रहेन। হে ধনদত্ত! সেই রূপ আমরাও পুত্রেটি যজ দ্বারা ভো মাকে পুত্রবান্ করিব। ব্রাক্ষণেরা ধনদতকে ইহা বলিয়া ममूप्य खरापि चार्याक्रम भूक्षक यकाञ्चीम कतिला যথাকালে ধনদত্তের গ্রহদেন নামে এক পুত্র উৎপন্ন হ-हेन। क्रमण खररमरनत वयः श्राखि हहेरन धनमञ उँ। हात বিবাহার্থ অমুরূপ কন্যা অযেষণ করিতে লাগিলেন। चरित्र महुमी कना अधि ना इरेग्रा धनम्ख भूजरू লইয়া বাণিজ্য ছলে দ্বীপাস্তরে গমন করিয়া তথায় ধর্ম-গুপ্ত বণিকের নিকটে পুত্রের বিবাহার্থ দেবন্মিতা নামে তাঁহার কন্যাকে প্রার্থনা করিলে, পাত্রের বাসস্থান ভাস্ত-লিপ্ত নমর, দ্বীপান্তরে শুনিয়া, ছহিতৃবৎসল ধর্মগুপ্ত তাহাতে অস্বীকৃত হইলেন। ওদিকে দেবস্থিতা গুহসে-নের রূপ লাবণ্যের কথা প্রাবন করিয়া তদ্যুণাকৃষ্ট-হৃদয়ে তাহার এতি নিভান্ত অভিলাষিণী হইয়া পিতৃকুল পরি-ত্যাগ করত ভাঁহার সহিত ভাত্রলিপ্ত নগরে যাইধার कना मथी द्वांता मश्वाम ध्यातन कतितान । धनमञ्ज मधी-মুখে ঐ সংবাদ প্রবণ করিয়া রাত্রিকালে দেবশ্মিতাকে হরণ করত তাঁহাকে লইয়া পুত্র সহিত্য খদেশে প্রস্থান

করিলেন। কিয়দিন পরে ভাশ্রলিপ্ত নগরে সিয়া উপছিভ হইয়া উভয়ের পাণিগ্রহণ সম্পন্ন করিলেন এবং
দম্পতীও সুখস্বছন্দে কাল্যাপন করিতে লাগিল।
গ্রহদেনের চরিত্র দর্শক উৎপল প্রাপ্তি পূর্বক কটাহনীপে
গমন।

কিয়ৎকাল পরে ধনদন্ত লোকান্তরিত হইলে অন্যান্ত भित्रवात मकरन वाणिकार्थ करोह धीरण भमनार्थ छह-সেনকে অমুরোধ করিল, কিন্তু দেবস্মিতা অস্থাসজি শক্ষায় স্থানীর বিদেশ গমন বিষয়ে কোন প্রকারে সমতি প্রদান করিল না। তাহাতে গুহদেন না বন্ধবর্ণের আজ্ঞা হেলন করিতে পারে, না ভার্যার অন্সরোধ পরিভাাগ করিতে সমর্থ হয়, উভয় শঙ্কট দেখিয়া কর্ত্তব্যাকর্ত্তব্যক্তির করিতে না পারিয়া এক শিব মন্দিরে প্রবেশ পূর্বক "ঈশ্বর এ বিষয়ে কর্ম্বরা উপদেশ করুন" ইহা মনে করিয়া শিবের আরাধনা করিতে আরম্ভ করিলেন। ইহা দেখিয়া পতিপ্রাণা দেবস্মিতাও তাঁহার অমুগামিনী इडेश उपग्रेशीस अवुख इडेटनन। किर्देशन शद মহাদেব যথে অভ্যক্ত হইয়া দম্পতীকে তুইটা উংপল প্রদান করত আদৈশ করিলেন, ভোমরা উভয়ে ইহার এক একটা পদ্ম সর্ধদা হত্তে ধারণ করিয়া থাকিবে, ভাহা হইলে উভয়ে **দৃরে দু**রে অবস্থান করি: ও এক জনের চরিত্রে কোন দোষ উপস্থিত হইণে অন্যের হন্তস্থিত . পদ্মটা স্লান হইয়া উচিবে, তাহা হইলেই উভয়ের দোব

গুণ উভয়ে জানিতে পারিবে। ইহা এবণ করিয়া সেই অবধি তাহারা হুই জনে মহাদেব দক্ত এক একটা পদ্ম নিয়ত হত্তে ধারণ করিয়া রহিল এবং এক একবার नित्रीकन कतिए जानिन। अनस्त्र छश्यन कठीर দ্বীপে যাত্রা করিল, এবং দেবক্সিতা হস্তব্দিত পদ্মটী নিরীক্ষণ করত গৃহে অবস্থিতি করিতে লাগিল। ও नित्क शहरतन करीह दीरा उनिहल दरेश वह मूना রত্র সকল ক্রয় বিক্রয় করিতে আরম্ভ করিলেন, কিন্তু যখন যে কর্মে ব্যাপুত থাকুন হস্তদ্ভিত পক্ষজটীতে এক এক বার দৃষ্টিক্ষেপ করেন। এইরূপে কিয়দ্দিবস याय, এकमा ठांति जन विनक छट्टम्टानत এই वार्शात সন্দর্শন করত তাহার তথ্যামুসন্ধানে কৌতুহলাবিষ্ট হইযা কোন কৌশলে অতি সমাদর পূর্বক গুহসেনকে খীয় গৃহে লইয়া গিয়া ভাহাকে অপরিমিত মাদিরা পানে মন্ত করিয়া জিজ্ঞাসা করাতে সে সমস্ত বুভান্ত উহাদিগের নিকট ব্যক্ত করিল। তথন সেই পীপাত্ম। নরাধনেরা কৌতুকাবিট হইয়া তাঁহার ভার্যাকে ছুল্চা-বিণী কবিবার মানসে গোপনে ভাষ্ত্রলিপ্ত নগরে যাত্রা করিল। কিয়দ্দিন পরে তাম্রলিপ্তে উপদ্বিত হইয়া : কার্য্য সিদ্ধি বিষয়ে বিবিধ প্রকার চিন্তা করিতে করিতে যোগকরণ্ডিকা নামে এক সম্যাসিনীর আশ্রম দেখিতে পাইয়া তন্মধ্যে গিয়া প্রবেশ করিল এবং যোগ কর্মি কার নিকটে গিয়া ভতি ভাবে প্রণা্ম করত কহিল,

ভগৰতি! আমরা কোন বিষয় ইচ্ছা করিয়া এখানে আগমন করিয়াছি, যদি আপনি তাহা দশান করিতে পারেন, ভাহা হইলে আপনাকে আমরা বছ ধন দিয়া পরিভূট করিব। যোগকরগুকা কহিল, হে যুবগণ! নিশ্চর কোন রমণীর প্রতি ডোমরা অভিলাষী হইয়াছ, ভাহার সন্দেহ নাই, অভএব তাহা বাজ করিয়া বল, স্থামি অবশ্যই তোমাদিগের অভিলাষ সিদ্ধ করিব, ধনে चामात चारश्चक नारे, निश्चिकती नारम चामात तुश्चि মতী এক শিষাা আছে, তাহার কল্যানে আমি অসংখ্য-ধন প্রাপ্ত হইয়াছি। ইহা শুনিয়া বণিকপুজেরা কহিল শিষ্যার কল্যাণে আপনি কি প্রকারে অসংখ্য ধন প্রাপ্ত হইয়াছেন, তাহা গুনিতে বাসনা করি। ইহাতে স্ম্যা-দিনী কহিলেন, হে পুজ্ঞগণ! যদি তাহা শুনিতে তোমা দিনের কৌতুহল জন্মিয়া থাকে, তবে তাহা বর্ণন করি-তেছি আৰণ কর।

# मिकिस्तीत हांजुर्या वर्वन ।

একদা উত্তরা পথ হইতে এক বণিক এই স্থানে আদিয়া উপদ্থিত হইয়াছিল। বণিক্ কিছুকাল থাকিতে থাকিতে আমার' শিয়া দিদ্ধিকরী গিয়া ভাষার দাসী হইয়া কর্ম করিতে লাগিল। কিয়ৎ দিন পরে ভাষার প্রজি বণিকের দৃড় বিশ্বাস হইলে, এক দিবস সিদ্ধিকরী গোপনে ভাষার গৃহ হইতে সমুদায় বছ মুল্য রত্ন অপহরণ করত প্রভাতে উটিয়া পলায়ন করিল। বণিক্ প্র-

ভূবে গাঁরোধান করত তাহা জানিতে পারিয়া তাহার चार्चवनार्थ ठ्युद्धिक लाक त्थातन कतिन, किन्त करहे কোন দিকে তাহার সন্ধান করিভেপারিল না। ও দিকে সিন্ধিকরী নগরের বহির্ভাগে গিয়া এক বৃক্ষ মূলে উপবিট त्रश्चित्रांद्र, अमल नम्राय अक कन प्लाम औ रनिरकत्र शृटर ভিকার্থ গমন করত দাসী কর্তৃক রত্নাদি হরণ বার্ডা ध्येवन कविया मुमझकत्क त्रारे द्वान मित्रा गमन कविएड করিতে ঐ বৃক্ষ মূলে আসিয়া উপস্থিত হইল। তখন ধুর্ত্তা দিক্ষিকরী, পাছে ভোম চিনিতে পারে ইহা ভাবিয়া অতি দীন ভাবে তাহাকে কহিল, স্বানির সহিত বিবাদ क्रिया आगि श्नांत्र मत्रातात्वात्मा शृह हदेख बहे. वृक्ष मूल जागमन कतिशाहि, किन्न कि काल उपकारन প্রাণত্যাগ করিতে হয়, ভাহার কিছুই স্কানি না, অভএব তুমি আমার উদ্বানের এক গাছি রক্ষ্ম প্রস্তুর করিয়া কিরপে উদদ্ধন করিতে হয় তাহা উপদেশ ক্রিলে বড়ই উপকৃত হই। ইহা শুনিয়া ভোম এক গাছি রক্ষ্ সংগ্রহ করিয়া বৃক্তের শাখায় দিয়া তাহাকে উপদেশার্থ यमन मृन्त्वत छेशत छेठिया श्रीय शनद्वाम तब्ब रह्मन করিয়াছে, চতুরা সিদ্ধিকরী অমনি মৃদক্ষে এক পদাঘাত করাতে মৃদল চুর্ হইয়া গেল এবং ভোমও রজ্জুতে मिष्ट्रनामान हरेया शक्य थाछ हरेन। এই कार्या मण्यन कतिया भूनकात वृक्त मूटल उपिक्छ त्र हियाहि, अमेड नगरम दनिक् समः केडक धनि लोक

मद्भ कतियां তাহात अव्यवनार्थ रेपवां भरे पिटक निया বছ দুর হইতে বৃক্ষমূলে সিদ্ধিকরীকে দেখিতে পাইয়া সত্ত্বৰ তদভিমুখে গমন-করিতে লাগিল এবং সিদ্ধিকরীও উহা জানিতে পারিয়া পশ্চাৎ ভাগ দিয়া সেই বৃক্ষে আরোহণ করত পল্লবাচ্ছাদিত হইয়া রহিল। বণিক ज्राय क्राय वृत्यत्र निक्वेवकी श्रेश प्रिचन मिक्किती তথায় নাই, কিন্তু যে ভোম প্রাতঃকালে ভিক্ষা করিতে গিয়াছিল, সে উদ্বন্ধনে প্রাণত্যাগ করিয়া বৃক্ষ শাখায় লশ্বনান রহিয়াছে। তখন বণিকের এক জন ভূত্য, বোধ হয় সিদ্ধিকরী এই বৃক্ষে উঠিয়াছে বলিয়া লক্ষ দিয়া ব্রুক্ষে আরোহণ করিল, এবং ক্রমে ক্রুমে বৃক্ষের প্রধান শাখার অগ্রভাগে গিয়া সিদ্ধিকরীর নিকটম্ব হইবামাত্র সে পত্রাবরণ হইতে বহির্গত হইয়া, ''অহে ভুত্য! অনেক দিবস অবধি আমি তোমার প্রতি অভিলাষিণী ছিলাম, এবং ে গ্রামারই নিমিত্তে এই বণিকের সমস্ত ধন হরণ করিয়া আনিয়াছি, অভএব তুমি কাহারও নিকট প্রকাশ করিও না, কল্য তোমার গৃহে উপদ্ধিত হইয়া এই সমস্ত ধন **खागां (करें मिन" हेंदा विलट** विलट विकिक्त्रों वे ভূত্যের অজ্ঞাত্রসারে তাহার নম্তকে এক প্রকার ঔষধি বন্ধন করিয়া দিল। যেমন ঔষধি বন্ধান করিয়াছে অমনি দে কিপ্ত হইয়া প্রলাপ বাহ্য কহিতে কহিতে বুক্ষ হইতে অবরোহণ করিল। বণিকৃ ভদ্দর্শনে বিশ্বয়াপন হইয়া ভূতাকে ভূতগ্রন্ত মনে করিয়া ভয়ে তাহাকে লইয়া পলায়ন করিল। অনন্তর সিদ্ধিকরী বৃক্ষ হইতে অব-বোহণ করত গৃহে আসিয়া সে সমুদায় ধন আমার নিকট সমর্পণ করিল। এই রূপে সিদ্ধিকরী শিষ্যা হইতে আনি বছধন সম্পনা ইইয়াছি।

## যোগকরভিকার চাতুর্য্য বর্ণন।

এই কণা কহিতে কহিতেই সিদ্ধিকরী তথায় অ'সিয়, উপস্থিত হইল এবং যোগকর শুকা সন্তাসিনা বলিক-পুত্রদিগকে ভাহার পবিচয় দিয়া কহিল একণে ভোমা-দিণের কাহাকে ইক্সা হয় বল, আমি ভাহা সম্পান কবিদ দিব। ইহা তাবন করিয়া বলিকগণ কচিত, গুহসেন বনিকের ভার্য্যা দেবস্মিতাকে অবস্থাই আপনি জানেন, আমরা তাহাকেই প্রার্থনা করি। সন্মাসিনী ইহা প্রবণ করিয়া স্বীকার করিল এবং তৎক্ষণাৎ শিষ্যা সহিত গুহসেনের ভবনে গমন করিল। দেবশ্মিতার গৃহ দারে এক কুকুরী শৃত্থলে বদ্ধ থাকিত, কোন অদৃষ্ট পুর বাক্তিকে দেখিলে দে আক্রম করিতে হাইত। সিন্ধিকরী সহিত যোগকরণ্ডিকা তথায় উপস্থিত হইবা-নাত্র ঐ কুক্করী তাহাদিগকে আক্রমণ করিতে আদিলে দেবস্মিতা দেখিয়া দাসী প্রেরণ করত তাহাদিগকে গৃহ নধ্যে আনয়ন করিল। পরে প্রণাম পূর্ব্বক আগ-মন বার্ত্ত! জিজ্ঞাসা করাতে যোগ করপ্তিকা কহিল, গত রাজিতে আমি এক ছঃস্বপ্ন দর্শন করিয়াছি, এজন্ত অদ্য তোমাকে দেখিতে আসিলাম, তোমার স্বামী,বিদেশে

থাকাতে ভোমাকে দেখিয়া আমার মন- অভ্যন্ত ব্যথাযুক্ত হইতেছে, প্রিয়োপভোগ ব্যতীত কামিনী গণের রূপ যৌবন বুথা ইত্যাদি অনেক প্রকার স্লেষ ৰাক্য কহিয়া আশীৰ্কাদ পূৰ্ব্বক শিষ্যা সহিত প্ৰব্ৰাজিকা গৃহে গমন করিল। পর দিন পিউ মরিচ লিগু এক খণ্ড মাংস হল্তে করিয়া পুনর্কার দেবশ্বিতার গৃহে গমন ক রিল এবং দ্বারস্থিত কুক্কুরীকে সেই মাংস প্রদান করিল। ত্তনী মাংস ভক্ষণ করিবামাত্র মরিচ দোষে ভাহার ছুই নয়ন হইতে অনবরত অসু নির্গত ২ইতে লাগিল। তখন যোগকরশ্তিকা দেবস্মিতার গৃহ মধ্যে প্রবেশ করিয়া রো-ুদন করিতে করিতে কহিল, দেবস্মিতে! দেখ ভোমার দারস্থিত শুনী কল্য আমাকে চিনিতে পারে নাই, অদ্য দেখিবা মাত্র রোদন করিতে আরম্ভ করিল এবং আমিও উহাকে চিনিয়া মনোছুঃখে কাতর হইয়া ক্রন্দন করি-ভেছি। ইহা প্রবণ করিয়া দেবস্মিতা বাহিরে দৃষ্টিপাভ कत्रक कूक्कुद्रीटक नग्रननीटत ভागमान। प्रिनश आकर्षा বোধে জিজাসা করিল, ইহার কারণ কি সবিশেষ বাজ क्र । ইहाए প্রবাজিকা কহিল, পূর্ব জন্মে আমি আর এই কুরুরী উভয়ে সপত্নী ছিলাম, এক ব্রাহ্মণ আমা-দিগের স্থামী ছিলেন, তিনি রাজার দৌত্য কর্মে নিযুক্ত থাকিয়া নিরন্তর দেশান্তরে বাতায়াত করিতেন, প্রায় গৃহে অবস্থান করিতেন না। ডাহাতে আমি প্রিয়ো-পভোগে ৰঞ্চিত্ হওয়াতে ক্ৰমে ক্ৰমে আর কোন পুরুষ

সমাগমই অবশিষ্ট রাখিলাম না, ইন্দ্রিয়ের অব্যা-হতিকে পরম ধর্ম জানিয়া তাহাই আচরণ করিতে লাগিলাম, কিন্তু আমার সপত্নী শীল রক্ষা করিয়া-ছিলেন, সেই অধর্মে তিনি এই কুক্কুরী হইয়া জমি-য়াছেন, কিন্তু আমরা উভয়েই জাতিমার।

## मुक्तर्भाद्र व्येडिकन।

ইছা শুনিয়া দেবশ্বিতা মনে মনে বিবেচনা করিলেন; এ আবার কি রূপ ধর্ম, বোধ হয় এই ধূর্ত্তা প্রব্রাজিকা আমার প্রতি কোন ছ্রুদ্বি ঘটাইবারজভ্য এইরূপ কল্পনা করিতেছে, ভাল, দেখি ইহার কত দুর ক্ষমতা। ইহা চিন্তা করিয়া কহিলেন, হে তাপনি! আমি এভ কাল এ ধর্ম অজ্ঞাত ছিলাম, একণে তোমার প্রসাদে জানি-লাম, অভএব সত্ত্বর তুমি আমাকে কোন পুরুষ আনিয়া पिछ। **७४न योशकति का मान मान क्**छे इहेशी কহিল, কটাহদীপ হইতে চারিটা বণিক্পুত্র আসিয়া আমার গৃহে অবস্থান করিতেছেন, তোমার ইচ্ছা হইলে তাহা দিগকে আনিয়া দিতে পারি। ইহাতে দেবস্মিতা সম্মত হইলে প্রব্রাজিকা স্বীয় গৃহে প্রস্থান করিল। এদিকে দেবস্মিতা দাসীকে ডাকিয়া কহিল, যোগকরঞ্জি-কার কথার ভাবে বোধ হইল, কটাহ দ্বীপে আমার স্বামীর হত্তে অস্লান পঙ্কজ দেখিয়া এবং কোন রূপে তাহার বুতান্ত জানিতে পারিয়া আমার ধর্ম নইট করি-বার জন্ম তথা হইতে চারিটা ভক্ট বনিকপুত্র আসিয়া

উহার সৃহে বাদ করিতেছে, অতএব তাহাদিগকে যাহাতে যথোচিত শান্তি প্রদান করিতে পারা যায়, এমত কোন উপায় চিন্তা করিতে হইবে। তুমি কতকগুলি ধুস্তূরবীজ পেষণ করত জলে মিশ্রিত করিয়া রাখ এবং অবিকল কুকুরের পায়ের স্থায় একখানি লোহময় পা প্রস্তুত করিয়া আন। অনন্তর দাসী উহা প্রস্তুত করিয়া আনিলে দেব-'ম্বিতা স্বসদৃশ রূপিণী অন্ত এক দাসীকেসেই গৃহে রাখিয়া त्रयः शृहासुरत अवन्तान कतिरानन। मात्री मिट राहिसय কুকুর পা খানি অগ্নিতে দঞ্চ করিতে দিয়া রাত্রি কালে উপবিষ্ট রহিয়াছে, এমত সময়ে চারি জন বণিকপুত্র , এবং শিষ্যা সহিত যোগকরপ্তিকা আসিয়া দ্বারে উপস্থিত হইলে দেবস্মিতা-বেশ-ধারিণী চেটা কহিল, তোমরা সকলে অন্য গৃহে উপবেশন করত এক এক জন করিয়া এ গৃহে আগমন কর। ইহা শুনিয়া তাহারা সকলে অন্য ৃগ্রে উপবেশন করিল এবং উহার মধ্যে এক জন বণিকপুত্র সেই গৃহ নধ্যে প্রবেশ করিবামাত চেটা সমা-দরপূর্বক তাহাকে ধুন্তুরযুক্ত মধুপানে মত্ত করত বস্ত্রা-लक्षादां ि थुलियां लहेया लला हि पक्ष लीह यस क्रूकृत शाम চিহ্ন করিয়া অন্ত ছার দিয়া দূরে নিক্ষেপ করিল। পরে অন্যব্যক্তিকে আহ্বান করিয়া ঐ রূপ অবস্থা করিল। এই প্রকারে চারি ব্যক্তিকেই যথোচিত পুরস্কার দিয়া পরে শিষ্যা সহিভ যোগকরণ্ডিকাকে আহ্বান করিয়া তাহা-দিগকেও মধুপানে মক্ত করত উভয়ের নাসাকর্ণ ছেদন

করিয়া দ্বুরে নিক্ষেপ করিল। ওদিকে রাত্রি শেষে বণিকপুজেরা সংজ্ঞাপ্তা হইয়া আপনাদিগের অবস্থা দর্শনে অত্যন্ত লজ্জাগ্রন্ত হইল এবং পাছে লোকে ললাটের চিহ্ল দেখিতে পায় এ জত্য মন্তকে এক এক উফীশ বন্ধন করত গোপনে স্থদেশে প্রস্থান করিল। তথন দেবস্মিতা ভাবিলেন, ছুরাত্মা বলিকেরা পাছে স্বদেশে গিয়া ক্রোধে আমার পতির কোন অত্যা-চার করে, অতএব কোন রূপে তাহার প্রতিবিধান করা কর্ত্তব্য। ইহা মনে করিয়া শ্বশ্রুর নিকটে গিয়া ঐ সকল বুকান্ত বর্ণন করাতে তাহার শ্বঞা কহিলেন, হে পুত্রি! যাহা করিয়াছ ভাহা সাধু কার্যাই করিয়াছ, কিন্তু পাছে আমার বিদেশস্থ পুত্রের কোন অনিষ্ট হয়, তাহার উপায় কি। ইহা শুনিয়া দেবস্মিতা কহিলেন, যেমন শক্তিমতী নামে এক স্ত্রী তাহার স্বামীকে রক্ষা করিয়াছিল, আমিও তদ্রপ স্বামীকে বিপদ হইতেরক্ষা করিব। ইহাতে শুক্রু ঐ শক্তিমতী বুক্তান্ত শুনিতে বাসনা করাতে দেইশ্বিতা কহিলেন, শ্রবণ কর।

#### শক্তিমতীর বিবরণ।

